



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২ মে ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

পানছড়িতে দুই গ্রামবাসীকে বাড়ি ছাড়ার হুমকির নিন্দা

খাগড়াছড়ির পানছড়িতে জেএসএস সংস্কারবাদী কর্তৃক এক মেম্বারসহ দুই গ্রামবাসীকে বাড়ি ছাড়ার হুমকির ঘটনায় তীব্র নিন্দা জানিয়েছেন ইউপিডিএফ-এর খাগড়াছড়ি জেলা ইউনিটের প্রধান সংগঠক সচিব চাকমা।

আজ বুধবার (২ মে ২০১৮) সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে তিনি এই নিন্দা জানান।

বিবৃতিতে তিনি হুমকির শিকার গ্রামবাসীদের বরাত দিয়ে বলেন, ‘আজ সকাল সাড়ে ১০টার দিকে জেএসএস সংস্কারবাদী নেতা পরিচয় দিয়ে এক ব্যক্তি মোবাইল ফোনে কল দিয়ে পানছড়ি সদর ইউনিয়নের ৩নং ওয়ার্ডের বর্তমান মেম্বার সঞ্চয় চাকমা (৩০), পিতা-চিকন ময় চাকমা, গ্রাম- কিনা চান কার্বারী পাড়া ও একই ওয়ার্ডের বাসিন্দা সুমেধ চাকমা (৩২), পিতা- ভূবন চন্দ্র চাকমা, গ্রাম- কানুনগো পাড়া-কে দুপুর ১২টার মধ্যে পরিবারসহ বাড়ি ছেড়ে চলে যাওয়ার নির্দেশ দেয়। অন্যথায় বাড়িসহ সবকিছু পুড়িয়ে দেয়ার হুমকি দেওয়া হয়’।

ইউপিডিএফ নেতা অবিলম্বে দুই গ্রামবাসীকে বাড়ি ছাড়ার হুমকি প্রদানকারীকে খুঁজে বের করে গ্রেফতারপূর্বক শাস্তির দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।